# পাঁচ শিশুশিল্পীর কথা

দেশের ইন্ডাস্ট্রিতে পার্শ্ব চরিত্রে অভিনয় করা শিল্পী কিংবা শিশুশিল্পীদের নিয়ে তেমন কোনো আলোচনা নেই বললেই চলে। সব আলোচনা জুড়ে থাকে স্টার কাস্টরা। কিন্তু শোবিজে অনেক শিশুশিল্পী আছে যারা নিজস্ব অভিনয়গুণে দর্শকদের কাছে আলাদা পরিচিতি পেয়েছে। গোলাম মোর্শেদ সীমান্তের প্রতিবেদনে এবার আমরা অন্তরালে থাকা পাঁচ শিশুশিল্পীর কথা জানাবো।

## মুনতাহা এমেলিয়া

শিশুশিল্পী মুনতাহা এমেলিয়া বর্তমান সময়ে বড়পর্দা থেকে ওটিটি প্লাটফর্ম কিংবা বিজ্ঞাপনে সবজায়গায় পরিচিত মুখ। নির্মাতা মাহমুদুর রহমান হিমির 'ভুল এই শহর মধ্যবিত্তদেরই ছিল' নাটকে এবং মিজানুর রহমান আরিয়ানের 'নেটওয়ার্কের বাইরে' ওয়েব ফিল্মে দারুণ দুষ্টু-মিষ্টি অভিনয় করে সকলের নজর কাড়ে। 'নেটওয়ার্কের বাইরে' ওয়েব ফিল্মে ইয়াশ রোহানের ভাগ্নি চরিত্রে অভিনয় করেছে মুনতাহা। পর্দায় মামা-ভাগ্নির কেমিস্ট্রি ছিল মনোমুগ্ধকর। মাত্র তিন বছর বয়সে প্রথম ক্যামেরার সামনে অভিনয় শুরু করে এই ক্ষুদে শিল্পী। রেদওয়ান রনির পরিচালনায় মাদার্স ডে উপলক্ষ্যে নির্মিত এক বিজ্ঞাপনে অভিনয় করার মাধ্যমেই প্রথম কাজ শুরু করে মুনতাহা এমেলিয়া। চয়নিকা চৌধুরীর পরিচালনায় 'অগ্রহায়ণের মেঘ' নাটকের মাধ্যমে নাটকে অভিনয় শুরু করে সকলের কাছে 'মিষ্টি বুড়ি' হিসেবে পরিচিতি পায়।



এখন অব্দি শ'খানেক বিজ্ঞাপনে কাজ করেছে মুনতাহা। বাংলাদেশের প্রথম সারির প্রতিটি কোম্পানির বিজ্ঞাপনে দেখা যায় তাকে। মোস্তফা কামাল রাজের জনপ্রিয় ড্রামা সিরিয়াল 'ফ্যামিলি ক্রাইসিস রিলোডেড'-এ 'কলি' চরিত্রে এবং মাহমুদুর রহমান হিমির পরিচালিত ধারাবাহিক 'অবাক পরিবার'-এ অভিনয় করে বেশ প্রশংসা কুড়িয়েছে। অনিমেষ আইচের ধারাবাহিক নাটক 'এখানে কেউ থাকে না'-তে অভিনয় করে প্রশংসা কুড়িয়েছে। ওটিটি প্লাটফর্মে মুনতাহার আগমন ঘটে ওয়েব সিরিজ 'বিলাপ'-এ অভিনয় করার মাধ্যমে। শরিফুল রাজ-শবনম ফারিয়ার দম্পত্তির কন্যার চরিত্রে অভিনয় করে মুনতাহা। স্বল্প সময়ের জন্য দেখা যায় 'রিফিউজি' ওয়েব সিরিজে। 'বাইকের হেল্লার হবা', 'অনাত্মীয় দম্পতি', 'তিয়া', 'বন্ধু'সহ অনেক নাটকে এবং বড় পর্দায় 'বীরত্ব' ও 'দামপাড়া' সিনেমায় অভিনয় করেছে মুনতাহা। সাত বছর বয়সী মুনতাহা সকলের নজর কেড়েছে নিজের অভিনয়শৈলী আর মিষ্টি কণ্ঠে সংলাপ দিয়ে।

## মুগ্ধতা মোরশেদ ঋদ্ধি

ছোটবেলা থেকে মুগ্ধতা নাচ, গান, আবৃত্তি শিখতো। কিন্তু আগ্রহ ছিল অভিনয় শেখার। অভিনয়ে পাকাপোক্ত হওয়ার জন্য ভর্তি হয় পিদিম থিয়েটারে। এছাড়া শিশু একাডেমিতে নাচ, গান এবং আবৃত্তি শিখতো ঋদ্ধি। অভিনয়ের শুরুটা হয় দুরন্ত টিভিতে ধারাবাহিক নাটক 'অদ্ভুত' দিয়ে। সেখানে সুপার গার্লের চরিত্রে অভিনয় করতে দেখা যায় তাকে। এখন অব্দি দুই হালি নাটকে অভিনয় করেছে ঋদ্ধি। কুড়ির বেশি বিজ্ঞাপনে মডেল হিসেবে কাজ করেছে। গ্রামীণফোনের ২০১৯ সালের 'আব্বা নীল জামা আনবা' বিজ্ঞাপনে বাবার সঙ্গে ঈদের পছন্দের জামার কথা বলছিল; মেয়েটি সেই ঋদ্ধি। নির্মাতা অমিতাভ রেজা চৌধুরী প্রথমবারের মতো স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণ করেছিলেন ২০১৮ সালে 'নিঃশব্দতার শহর' নামে। একটা কাজের মেয়ের গল্প ফুটে ওঠে শর্ট ফিল্মটিতে। এতে মূল চরিত্রে অভিনয় করে ঋদ্ধি। ১১ মিনিটের সিনেমাটিতে 'শারমিন' চরিত্রে দেখা যায় তাকে। সিনেমাটি সাউথ এশিয়া ফিল্ম ফেস্টিভালে জুরি অ্যাওয়ার্ডও অর্জন করে। মাত্র ৯ বছর বয়সেই ঋদ্ধি নাম লিখিয়ে ফেলেছে সিনেমায়। ফাখরুল আরেফীন খানের 'গণ্ডি' সিনেমায় 'আরহা' চরিত্রে অভিনয় করেছে ঋদ্ধি। সিনেমাটিতে সব্যসাচী চক্রবর্তীর নাতনি হিসেবে দেখা যায় তাকে। 'গণ্ডি' চলচ্চিত্রে অভিনয়ের জন্য 'শ্রেষ্ঠ শিশুশিল্পী' ক্যাটাগরিতে জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০২০ অর্জন করেছে মুগ্ধতা মোরশেদ ঋদ্ধি। ২০২২ সালে 'কাইজার' ওয়েব সিরিজে অভিনয় করে সকলের কাছ থেকে প্রশংসা কুড়িয়েছে ঋদ্ধি।



## ইসরাত জাহান অতিথি

ইসরাত ক্ষুদে অভিনেত্রী। শুরুটা হয় বিজ্ঞাপনে। এরপর নাটকে অভিনয় করে নিয়মিত। বিজ্ঞাপনে হাফ সেঞ্চুরি করেছে অতিথি। সপ্তম শ্রেণিতে পড়ুয়া ইসরাত জাহান অতিথি পরিবারের ছোট মেয়ে। একদিন অতিথির বড়ো বোন সাফিলা আফরিন আবৃত্তি অতিথি'র একটি ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করেন। সে ছবিটি পোস্ট করার ঘণ্টাখানেক পর বিজ্ঞাপন এজেন্সিতে কমরত এক ব্যক্তির নজরে আসে। শোবিজে কাজের শুরুটা এভাবেই। খ্যাতিমান চলচ্চিত্র নির্মাতা অমিতাভ রেজা পরিচালিত 'ভিম'-এর একটি টেলিভিশন বিজ্ঞাপনে প্রথম অভিনয় করে অতিথি। স্পিড এনার্জি ড্রিংক, কোকোলা মজার ক্রিম বিস্কুট, ইস্পাহানি বিস্কুট, নেরোলাক পেইন্ট, মার্কস মিল্ক, ফান এবং জয় হরলিক্সসহ নানা কোম্পানির বিজ্ঞাপনে মডেল হিসেবে কাজ করেছে ইসরাত জাহান অতিথি। ম্যাগি নুডলসের বিজ্ঞাপন ও প্রবীণদের গুরুত্ব নিয়ে ভালোবাসা দিবস উপলক্ষ্যে অলিম্পিক ইন্ডাস্ট্রির বিজ্ঞাপন বেশ দর্শকপ্রিয়তা পায়। পাশাপাশি ফটো শুটের মডেল হিসেবে কাজ করেছে মোমেন্টস, নবরূপা, কিডস ফ্যাশন হাউস, প্রাণ-আরএফএল, প্রাণ পটেটো ক্র্যাকার্স, নিউসেলাসহ অনান্য ব্রান্ডের। ইসরাত জাহান অতিথি শিশুশিল্পী হিসেবে কাজ করছে দুরন্ত টিভির জনপ্রিয় ধারাবাহিক 'বাবা থাকে বাসায়'-এ। নাটকে 'রুহানা' চরিত্রে অভিনয় করছে ইসরাত। নাটকটি পরিচালনায় করেছেন গোলাম মুক্তাদির এবং নির্মাণে ছিলেন শাহরিয়ার শাকিল। নাটকটিতে অতিথি তৌকির আহমেদ এবং বিজরী বরকতউল্লাহর সঙ্গে অভিনয় করে প্রশংসা কুড়িয়েছে ইসরাত। শিহাব শাহিন পরিচালিত ওয়েব সিরিজ '১৪ আগস্ট'-এ অসুস্থ শিশুর চরিত্রে অভিনয় করে বেশ প্রশংসা কুড়িয়েছে অতিথি। আবু হায়াত মাহমুদের ওয়েব সিরিজ 'দ্য ব্রোকার'-এ মোশাররফ করিমের বিপরীতে অভিনয় করেছিল এই খুদে তারকা। ইমাউল রাফাতের নির্মিত 'তিথির অসুখ' ওয়েব ফিল্মেও দেখা যায় অতিথিকে।



## আরিয়া আরিত্রা

আরিয়া ছোটবেলা থেকেই ছবি আঁকতে, ক্রাফটিং করতে ভালোবাসতো। অমিতাভ রেজা চৌধুরীর হাত ধরে গ্রামীণফোনের বিজ্ঞাপনের মাধ্যমে শোবিজ অঙ্গনে যাত্রা শুরু হয়। চতুর্থ শ্রেণিতে পড়াশোনা করছে আরিয়া। এখন অব্দি শ'খানেক নাটকে অভিনয় করেছে। এরমধ্যে এনটিভির ধারাবাহিক নাটক 'পরের মেয়ে', ওয়েব ফিল্ম 'জানোয়ার', একক নাটক 'আশ্রয়', 'মায়া মমতার গল্প', 'জাহানারার একটি ভাই ছিল' নাটকগুলোতে অভিনয় করে প্রশংসা কুড়িয়েছে। 'জানোয়ার' ওয়েব ফিল্মে কাজ করেও সকলের নজরে আসে। বিজ্ঞাপন দিয়ে অভিনয় শুরু করলেও নাটকে কাজ করতেই বেশি স্বাচ্ছন্দ্যবোধ করে আরিয়া। নিয়ামুল মুক্তার 'রক্তজবা' সিনেমায় নাম ভূমিকায় অভিনয় করেছে আরিয়া। ইমেল হকের 'মায়া ও মমতার গল্প' টেলিফিল্মে চটপটে একটি ছোট্ট মেয়ের চরিত্রে আরিয়ার অভিনয় সবাইকে তাক লাগিয়ে দেয়। হাবিব শাকিলের 'পরের মেয়ে' ধারাবাহিকে অভিনয় করে হয়েছে প্রশংসিত হয়। শঙ্খ দাসগুপ্তের 'গুটি' ওয়েব সিরিজেও বেশ ভালো পারফর্ম করে। আরিয়া অর্জন করেছে অনেক পুরস্কার।



## নাফিসা জারিন মৌমি

নাফিসা জারিন মৌমি এই সময়ের প্রতিভাময়ী শিশুশিল্পী। অনেক নাটক, মিউজিক ভিডিও ও বিজ্ঞাপনসহ কাজ করেছে চলচ্চিত্রেও। আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবগুলোতে বেশ প্রশংসিত অমিতাভ রেজা চৌধুরীর নির্মিত 'রিকশা গার্ল'। এই সিনেমাটিতে প্রধান চরিত্র অভিনয় করা নভেরার ছোট বোনের চরিত্রে অভিনয় করেছে এই তরুণী। কাজ করেছে শিশুতোষ সিনেমা 'অ্যাডভেঞ্চার অব সুন্দরবন' সিনেমায়। মৌমি 'অ্যাডভেঞ্চার অব সুন্দরবন' সিনেমায় দেশের জনপ্রিয় দুই অভিনেতা-অভিনেত্রী সিয়াম-পরীর সঙ্গে কাজ করেছে। মুহম্মদ জাফর ইকবালের 'রাতুলের রাত রাতুলের দিন' উপন্যাস অবলম্বনে নির্মিত হয়েছে 'অ্যাডভেঞ্চার অব সুন্দরবন' সিনেমা। দুরন্ত টিভির ধারাবাহিক সিরিয়াল 'বাবা থাকে বাসায়'-তে অভিনয় করে জনপ্রিয়তা পেয়েছে শিশু-কিশোরদের মাঝে। তানিম নূর নির্মিত ওয়েব সিরিজ 'কাইজার'-এ দেখা যায় স্বল্প সময়ের জন্য। ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে দশম শ্রেণিতে পড়ছে মৌমি। বহুমুখী প্রতিভার অধিকারী মৌমি অভিনয় ছাড়াও গান, নাচ, আর্ট সর্বগুণে পারদর্শী। ছোটবেলা থেকেই গান, নাচ, অভিনয়ের শখ। গান দিয়েই শুরু। বিটিভিতে গানের অনুষ্ঠান করে তারপর অভিনয়ে আসা।

